ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৩১

আগরতলা, ৩০ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“নেই চিকিৎসক, নেই অ্যাম্বুলেন্স চালক স্থানীয়দের মধ্যে ক্ষোভ বাড়ছে দিন দিন,” এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ২৭ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে তিলথৈ স্বাস্থ্যকেন্দ্রের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে,তিলথৈ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে দু’জন এমবিবিএস, একজন আয়ুষ মেডিক্যাল অফিসার ও একজন ডেন্টাল মেডিকেল অফিসারসহ মোট চারজন মেডিক্যাল অফিসার কর্মরত রয়েছেন। এই স্বাস্থ্যকেন্দ্রে দুটি অ্যাম্বুলেন্স সচল অবস্থায় রয়েছে। চালক রয়েছেন একজন। এই পরিস্থিতি মোকাবিলায় সংশ্লিষ্ট স্বাস্থ্যকেন্দ্রের জেএএসকমিটি সকল বিধি-বিধান ও প্রশাসনিক প্রক্রিয়া মেনে জেএএসতহবিল থেকে অতিরিক্ত একজন অ্যাম্বুলেন্স চালক নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

*****